# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭৩

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ২. দ্বিতীয় অনুচ্ছেদ - সন্দেহ-সংশয়, কুমন্ত্রণা

باب الوسوسة ـ الفصل الأول

আরবী

عَنِ ابْنِ عَبَّاسٍ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ جَاءَهُ رَجُلٌ فَقَالَ: إِنِّي أُحَدِّثُ نَفْسِي بِالشَّيْءِ لَأَنْ أَكُونَ حُمَمَةً أَحَبُّ إِلَيَّ مِنْ أَنْ أَتَكَلَّمَ بِهِ. قَالَ: «الْحَمْدُ لِلَّهِ الَّذِي رَدَّ أَمْرَهُ إِلَى الْوَسْوَسَةِ» . رَوَاهُ أَبُو دَاوُد

বাংলা

৭৩-[১১] ইবনু ’আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, জনৈক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর খিদমাতে এসে বলল, (হে আল্লাহর নবী!) আমি মনে এমন কুধারণা পাই যা মুখে প্রকাশ অপেক্ষা আগুনে জ্বলে কয়লা হয়ে যাওয়াই শ্রেয়। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, আল্লাহর শুকরিয়া যে, আল্লাহ (তোমার) এ বিষয়কে কল্পনার সীমা পর্যন্তই রেখে দিয়েছেন। (আবূ দাঊদ)[1]

## English

Chapter: Evil Promptings - Section 2

Ibn ‘Abbas told how a man came to the Prophet and said, "I have thoughts of such a nature that I would rather be reduced to charcoal than speak about them.” He replied, ‘‘Praise be to God who has reduced [the devil]* to no more than evil prompting!”

Abu Dawud transmitted it.

* Or [his thoughts].

ফুটনোট

[1] সহীহ : আবূ দাঊদ ৫১১২ (সহীহ সুনানে আবূ দাঊদ)।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: আমার মনে এমন খারাপ বিষয় জাগে যে বিষয়ে কথা বলার চাইতে পুড়ে কয়লা হয়ে যাওয়াটা আমার নিকট অধিক পছন্দনীয়। আমার কয়লা হয়ে যাওয়ার অপেক্ষা অধিক পছন্দনীয় কারণ ঐ উদিত বিষয়টি আল্লাহর সত্তা সম্পর্কিত। যা আল্লাহর জন্য উপযুক্ত নয় এমনকি দুই শায়ত্বন (শয়তান) অন্তরে অনুপ্রবিষ্ট করায় চেষ্টা করে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=54631

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন